

আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: কৌশলগত পরিকল্পনা (জুলাই ২০১৬ - জুন ২০২৬)

আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের মূল্যবোধসমূহ (Our Values)

১. খ্রিস্টীয় মূল্যবোধের ধারক ও বাহক
২. বিশ্বাসযোগ্যতা
৩. শুদ্ধাচার (স্বচ্ছতা ও জবাবদিহিতা)
৪. পেশাদারিত্বের উন্নয়ন
৫. সদস্যসেবা
৬. পারস্পরিক সহযোগিতা ও সম্মান
৭. অংশিদারিত্ব মূলক ও গণতান্ত্রিক ব্যবস্থাপনা
৮. চিমওয়াক
৯. ক্ষমতায়ন
১০. আশা

আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের মূলনীতিসমূহম্যান্ডেট (Guiding Principles)

“সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে” এই নীতিতে আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন সকল কাজ পরিচালিত হবে। ঢাকা জেলার অন্তর্গত দোহার-নবাবগঞ্জ উপজেলার ক্যাথলিক খ্রিস্টানদের মধ্যে যারা ঢাকা মহানগরীর ১৪টি থানার আওতায় বসবাস করেন তাদের আর্থ-সামাজিক উন্নয়নে সজাব্য সকল প্রকার সহায়তা প্রদান করবে। এই প্রতিষ্ঠানের অন্যান্য নীতি সমূহ:

- আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: দোহার-নবাবগঞ্জ উপজেলার ক্যাথলিক খ্রিস্টানদের মধ্যে যারা ঢাকা মহানগরীর আওতায় বসবাস করেন তাদের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করবে।
- আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে সংগঠন ও ঋণ কার্যক্রমসহ বিভিন্ন প্রোডাক্ট পরিচালনা করবে।
- আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: আর্থিক সেবার পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার কারণে প্রবীণদের প্রতি যত্ন, শিশুদের গঠন ও নেতৃত্ব বিকাশ এবং সমাজের বৃহত্তর ইস্যুতে অন্যান্য সমন্বয় সংস্থার সাথে যৌথভাবে কাজ করবে।
- আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: আর্থিক সেবার পাশাপাশি কিছু অন্যান্য সেবা প্রদান করবে যেমন: তথ্য ও প্রযুক্তি, গঠন, প্রশিক্ষণ এবং উন্নয়ন যা ঢাকা মহানগরীতে বসবাসরত আঠারগ্রামবাসীর কল্যাণ হবে।
- আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: দোহার-নবাবগঞ্জ উপজেলার গ্রামে বসবাসরত ক্যাথলিক খ্রিস্টানদের কল্যাণেও কাজ করার ক্ষেত্র উন্মুক্ত থাকবে।

- আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: এর স্বায়িত্বশীলতা অর্জন তথা আর্থিক সামর্থ্য বৃদ্ধির জন্য নিবন্ধনকারী সংস্থার বিধিমালা প্রতিপালন এবং সেই আলোকে ব্যবসা/বাণিজ্য পরিচালনা করতে পারবে।
- লাভজনক ভাবে আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: সকল আর্থিক কর্মকান্ড পরিচালিত হবে।

দিগদর্শন, অনুপ্রেরণা ও লক্ষ্য

দিগদর্শন: আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন ঢাকা মহানগরীতে বসবাসরত আঠারগ্রামের জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন এবং সমৃদ্ধ সমাজ গঠনে আস্থার কেন্দ্রবিন্দু।

অনুপ্রেরণা: “আপনারে লয়ে বিব্রত রহিতে আসি নাই কেহ অবনী পরে, সকলের তরে সকলে আমরা, প্রত্যেকে আমরা পরের তরে”। অংশ টুকু কবি কামিনী রায় এর আলো-ছায়া কাব্য হতে নেয়া, যা আমাদের সমবায়ী এবং অপরের প্রতি যত্নবান হতে আরও বেশী অনুপ্রাণিত করবে।

লক্ষ্য: সদস্যদের জীবন মান উন্নয়ন ও সমৃদ্ধি বিধানে আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন সজাব্য সকল প্রকার প্রচেষ্টা গ্রহণ করে যেন প্রত্যেক সদস্যই অর্থনৈতিক মুক্তির স্বাদ পায় এবং মর্যাদার সাথে সমাজে বসবাস করে।

পাঠ্যসমূহ (Approaches)

অন্তর্ভুক্তি: ঢাকা মহানগরীতে বসবাসরত সকল আঠারগ্রামবাসীর মধ্যে ঐক্য গঠন, পারস্পরিক আস্থা এবং সহযোগিতা প্রদানের লক্ষ্যে সমন্বয় সকলের অন্তর্ভুক্তিতে বিশৃঙ্খল।

ভলেন্টারী নেতৃত্ব: আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: সার্বিক নেতৃত্ব হবে ভলেন্টারী বা স্বেচ্ছাসেবীর ভিত্তিতে। নির্বাচনের মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালনার জন্য বোর্ড গঠনের বিষয়টি পূর্বাপর নিরুৎসাহিত হবে।

রক্ষণশীল ব্যবস্থাপনা: স্বেচ্ছাসেবী নেতৃত্বের বিষয়টি নিশ্চিত করার জন্য রক্ষণশীল ব্যবস্থাপনার বিকল্প নেই। তবে সদস্য বৃদ্ধি, পুঁজি গঠন এবং ব্যবসার ক্ষেত্রে প্রগতিশীল নেতৃত্বের বিষয়টি প্রধান।

পেশাদারিত্ব: আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: ব্যবসাপ্রকল্প ব্যবস্থা, পরিচালনার ক্ষেত্রে অবশ্যই পেশাদারিত্বের বিষয়টি গুরুত্ব দিতে হবে।

মালিকানা/অংশিদারিত্ব: আঠারগ্রাম কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: পরিচালনা/ব্যবস্থাপনার সকল স্তরে সদস্যদের মালিকানা নিশ্চিত করা এবং সেই সাথে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।